# অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ

(অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস সংক্রান্ত বিষয়ে বাংলাদেশের একমাত্র বিশেষায়িত সরকারি বিশ্ববিদ্যালয়)

ঢাকা ক্যাম্পাস : পুরাতন বিমান বন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫।

**ওয়েবঃ** www.aaub.edu.bd, **ই-মেইলঃ** estb@aaub.edu.bd


এএইউবি/রেজিস্ট্রার-১৫৬/২০২৬/খন্ড-০২/ ২৪

তারিখঃ ২২ শ্রাবণ ১৪৩৩ / ০৬ আগষ্ট ২০২৬

## সংশোধিত নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের ২০১৯ সনের ০৫ নং আইন দ্বারা প্রতিষ্ঠিত অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (এএইউবি) এর জন্য নিম্নবর্ণিত পদসমূহে নিয়োগের লক্ষ্যে প্রকৃত বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে আবেদনপত্র আহ্বান করা যাচ্ছে:

**কর্মকর্তা ও কর্মচারীঃ**

| ক্র: নং | পদের নাম, পদের সংখ্যা, পদের ধরণ, গ্রেড, বেতন স্কেল ও বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১। | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)<br>০১ (এক) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-৩)<br>৫৬,৫০০-৭৪,৪০০/-<br>৫০ বৎসর | ক। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যেকোন বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। ইঞ্জিনিয়ারিং ডিগ্রীর ক্ষেত্রে বিএসসি ইঞ্জিনিয়ারিং গ্রহণযোগ্য। শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।<br>খ। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে অতিরিক্ত পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন)/সমমান হিসেবে ০৫ বছরের অভিজ্ঞতাসহ ৯ম এবং তদূর্ধ্ব গ্রেডে মোট ১৪ বছরের চাকুরির অভিজ্ঞতা।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ২। | উপ-পরীক্ষা নিয়ন্ত্রক<br>০১ (এক) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-৫)<br>৪৩,০০০-৬৯,৮৫০/-<br>৪০ বৎসর | ক। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।<br>খ। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়ে সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক/সমমান পদে ন্যূনতম ৫ বছরের অভিজ্ঞতাসহ পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/ডিগ্রি পর্যায়ের সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে মোট ১০ বছরের চাকুরির অভিজ্ঞতা।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৩। | উপ-পরিচালক (পাবলিক রিলেশন অ্যান্ড ইনফরফেশন)<br>০১ (এক) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-৫)<br>৪৩,০০০-৬৯,৮৫০/-<br>৪০ বৎসর | ক। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে সংশ্লিষ্ট বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।<br>খ। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে সহকারী পরিচালক/সমমান পদে ৫ বছরের অভিজ্ঞতাসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে মোট ১০ বছরের চাকুরির অভিজ্ঞতা।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৪। | উপ-পরিচালক (অর্থ ও হিসাব)<br>০১ (এক) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-৫)<br>৪৩,০০০-৬৯,৮৫০/-<br>৪০ বৎসর | ক। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে হিসাববিজ্ঞান/ফাইন্যান্স/ম্যানেজমেন্ট/মার্কেটিং/অর্থনীতি/ব্যবসায় শিক্ষা বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।<br>খ। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে সহকারী পরিচালক (অর্থ ও হিসাব/বাজেট/অডিট) সমমানের পদে কমপক্ষে ৫ বছরের অভিজ্ঞতাসহ ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে মোট ১০ বছরের চাকুরির অভিজ্ঞতা।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৫। | সহকারী পরিচালক<br>০১ (এক) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-৭)<br>২৯,০০০-৬৩,৪১০/-<br>৩৫ বৎসর | ক। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতকোত্তর ডিগ্রি থাকিতে হইবে। উচ্চতর ডিগ্রি/প্রশিক্ষণ/কম্পিউটার ব্যবহারে দক্ষতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য। শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।<br>খ। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে শিক্ষা অথবা প্রশাসন সংক্রান্ত কাজে ৯ম বা তদূর্ধ্ব গ্রেডে ৩ বছরের অভিজ্ঞতাসহ মোট ৫ বৎসরের চাকুরির অভিজ্ঞতা।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৬। | সেকশন অফিসার<br>০২ (দুই) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-৯)<br>২২,০০০-৫৩,০৬০/-<br>৩২ বৎসর | ক। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে যে কোন বিষয়ে স্নাতক ডিগ্রি থাকিতে হইবে। শিক্ষার কোনো স্তরেই ৩য় শ্রেণি/বিভাগ/সমমান গ্রেড গ্রহণযোগ্য হইবে না।<br>খ। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৭। | ল্যাব টেকনিশিয়ান<br>০২ (দুই) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-১১)<br>১২,৫০০-৩০,২৩০/-<br>৩২ বৎসর | ক। প্রার্থীকে ইলেকট্রিক্যাল/মেকানিক্যাল/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/পদার্থবিদ্যা/রসায়নবিদ্যা/সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমা। স্নাতকসহ ডিপ্লোমাধারী প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে;<br>খ। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য।<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |

| ক্র: নং | পদের নাম, পদের সংখ্যা, পদের ধরণ, গ্রেড, বেতন স্কেল ও বয়সসীমা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ৮। | স্টোর কিপার<br>০১ (এক) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-১৩)<br>১১,০০০-২৬,৫৯০/-<br>৩২ বৎসর | ক। এইচএসসি/সমমান পাশ হইতে হইবে।<br>খ। সংশ্লিষ্ট কাজে ৩ বছরের অভিজ্ঞতা থাকিতে হইবে;<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ৯। | ক্যাটালগার<br>০১ (এক) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-১৪)<br>১০,২০০-২৪,৬৮০/-<br>৩২ বৎসর | ক। কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হইতে স্নাতক ডিগ্রি/সংশ্লিষ্ট বিষয়ে ডিপ্লোমাধারী;<br>খ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থী অগ্রাধিকারযোগ্য;<br>গ। সংশ্লিষ্ট বিষয়ে যোগ্য ও অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। |
| ১০। | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট<br>০১ (এক) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-১৬)<br>৯,৩০০-২২,৪৯০/-<br>৩২ বৎসর | ক। কোনো স্বীকৃত বোর্ড হইতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ। কম্পিউটার ব্যবহারে দক্ষতা এবং<br>গ। টাইপিং এ প্রতি মিনিটে বাংলায় ২০ ইংরেজিতে ২০ শব্দের গতি এবং নিয়োগকারী কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত স্ট্যান্ডার্ড অ্যাপটিচিউট টেস্টে উত্তীর্ণ এবং অফিস পরিচালনা সংক্রান্ত বিভিন্ন কম্পিউটার ব্যবহারিক প্রোগ্রাম যেমন- এমএস ওয়ার্ড, এক্সেল ও পাওয়ার পয়েন্ট ইত্যাদি বিষয়ে দক্ষ হইতে হইবে;<br>ঘ। কোনো পাবলিক বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে ফটোকপি অপারেটর/ডেচপাচ রাইডার/সমমানের পদে চাকুরীরত প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১১। | ল্যাব অ্যাটেনড্যান্ট<br>০৩ (তিন) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-১৯)<br>৮,৫০০-২০,৫৭০/-<br>৩২ বৎসর | ক। এইচএসসি বা সমমান (বিজ্ঞান) পরীক্ষায় পাশ হইতে হইবে।<br>খ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে। |
| ১২। | অফিস সহায়ক<br>০৩ (তিন) টি, স্থায়ী পদ<br>(গ্রেড-২০)<br>৮,২৫০-২০,০১০/-<br>৩২ বৎসর | ক। এসএসসি বা সমমান পরীক্ষায় উত্তীর্ণ;<br>খ। সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া হইবে এবং বয়সসীমা শিথিলযোগ্য। |

**আবেদনের শর্তাবলী:**

১। আগ্রহী প্রার্থীদের আবেদনপত্র ৩০ আগষ্ট ২০২৬ তারিখের মধ্যে রেজিস্ট্রার, অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ, পুরাতন বিমানবন্দর, তেজগাঁও, ঢাকা-১২১৫ ঠিকানায় (সরকারি ছুটির দিন ব্যতীত অফিস চলাকালীন সময়ে) ডাকযোগে/সরাসরি রেজিস্ট্রার অফিসে অথবা estb@aaub.edu.bd ই-মেইল ঠিকানায় পৌঁছাতে হবে। আবেদন ফরম অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট www.aaub.edu.bd বা রেজিস্ট্রার অফিস হতে সংগ্রহ করা যাবে। প্রার্থীর পদের নাম খামের উপর/ই-মেইল ঠিকানায় স্পষ্টাক্ষরে উল্লেখ করতে হবে। ডাকযোগে/সরাসরি পাঠানো আবেদনপত্রের সাথে প্রার্থীর যোগাযোগের ঠিকানাসহ ১০ টাকার ডাকটিকিট সম্বলিত ফেরত খাম সংযুক্ত করিতে হইবে।

২। অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ (এএইউবি) এর অনুকূলে যে কোনো তফসিলি ব্যাংক হতে ৯ম গ্রেড বা তদুর্ধ্ব ২০০.০০ (দুইশত) টাকা, ১১তম গ্রেড ১৫০.০০ (একশত পঞ্চাশ) টাকা, ১৩তম-১৬তম গ্রেড-১০০.০০ (একশত) টাকা ও ১৯তম-২০তম গ্রেড ৫০.০০ (পঞ্চাশ) টাকা মূল্যের পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরতযোগ্য) আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, ব্যাংকের নাম, শাখা, টাকার পরিমান ও তারিখ উল্লেখ করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর স্ক্যানকপি এবং প্রার্থীর সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০১ (এক) কপি রঙিন ছবি সংযুক্ত করতে হবে এবং পে-অর্ডার/ব্যাংক ড্রাফট এর মূলকপি আবেদনপত্রের মূলকপির সাথে ডাকযোগে/সরাসরি উল্লেখিত ঠিকানায় প্রেরণ করিতে হইবে।

৩। প্রার্থীকে আবেদনপত্রের সাথে সদ্যতোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, সকল শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও নম্বরপত্রের সত্যায়িত অনুলিপি, অভিজ্ঞতার সনদের সত্যায়িত অনুলিপি, জাতীয় পরিচয়পত্রের সত্যায়িত অনুলিপি এবং বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সনদের সত্যায়িত অনুলিপি জমাদান করতে হবে। ই-মেইল ঠিকানায় প্রেরিত আবেদনপত্রের সাথে উল্লেখিত সনদসমূহের স্ক্যানকপি সংযুক্ত করতে হবে। মৌখিক পরীক্ষার সময় সকল কাগজপত্রের মূলকপি প্রদর্শন করিতে হইবে।

৪। মুক্তিযোদ্ধা, শহীদ মুক্তিযোদ্ধা ও বীরাঙ্গনার সন্তানদের কোটার ক্ষেত্রে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্তৃক স্বাক্ষরিত সনদের সত্যায়িত কপি এবং ক্ষুদ্র নৃ-গোষ্ঠী, শারীরিক প্রতিবন্ধী ও তৃতীয় লিঙ্গের কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের সত্যায়িত কপি জমাদান করিতে হইবে।

৫। ৩০ আগষ্ট ২০২৬ তারিখে প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ সীমার মধ্যে থাকিতে হইবে।

৬। চাকুরীরত যোগ্য প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অনুমোদন গ্রহণ করতঃ নির্ধারিত সময়সীমার মধ্যে আবেদন করিতে হইবে।

৭। অত্র বিশ্ববিদ্যালয়ের অধ্যয়নের মাধ্যম ইংরেজি বিধায় কর্মকর্তা পদের প্রার্থীদের ক্ষেত্রে ইংরেজিতে পারদর্শী হইতে হইবে।

৮। জাতীয় বেতন-স্কেল ২০১৫ অনুযায়ী বেতন-স্কেল উল্লেখ করা হইয়াছে। তবে সরকার কর্তৃক সময়ে সময়ে জারিকৃত জাতীয় বেতন-স্কেল বিশ্ববিদ্যালয়ের জন্যও সমভাবে প্রযোজ্য হইবে।

৯। আবেদনকালে প্রার্থীকে অবশ্যই সংশ্লিষ্ট বিষয়ে ডিগ্রিপ্রাপ্ত হইতে হইবে। অর্থাৎ পরীক্ষার ফল প্রকাশ অপেক্ষমান থাকাকালীন সময়ে আবেদন গ্রহণযোগ্য হইবে না।

১০। নির্ধারিত তফসিল অনুযায়ী সকল পদের লিখিত (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হইবে। লিখিত/ব্যবহারিক/মৌখিক/অন্য কোন পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন প্রকার টিএ/ডিএ/ভাতা প্রদান করা হইবে না।

**১১। বিজ্ঞপ্তি নংঃ এএইউবি/রেজিস্ট্রার-১৫৬/২০২৫/১০ তারিখঃ ২৭ এপ্রিল ২০২৫ এ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে সহকারী পরিচালক পদে এবং এএইউবি/রেজিস্ট্রার-১৫৬/২০২৬/খন্ড-০১/২৯ তারিখঃ ০৭ মে ২০২৬ এ প্রকাশিত নিয়োগ বিজ্ঞপ্তিতে যারা আবেদন করেছিলেন তাদের পুনরায় এই নিয়োগ বিজ্ঞপ্তির সংশ্লিষ্ট পদে আবেদন করার প্রয়োজন নেই। তাদের পূর্বের আবেদনই গ্রহণযোগ্য বলে বিবেচিত হইবে।**

১২। সকল প্রকার নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি-বিধান ও বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন কর্তৃক সর্বশেষ জারিকৃত নির্দেশনা অনুসরণ করা হইবে।
১৩। আবেদন শুরুর তারিখ: ০৮ আগষ্ট ২০২৬ এবং আবেদন জমাদানের শেষ তারিখ: ৩০ আগষ্ট ২০২৬ পর্যন্ত।
১৪। লিখিত (প্রযোজ্য ক্ষেত্রে), ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষার তারিখ অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.aaub.edu.bd) এর মাধ্যমে জানানো হইবে।
১৫। নিয়োগকৃত পদে নিয়োগ ও চাকরির ক্ষেত্রে সরকার কর্তৃক সর্বশেষ জারিকৃত বিধি-বিধান প্রযোজ্য হইবে।
১৬। নিয়োগের ক্ষেত্রে সরকারের সর্বশেষ কোটা নীতি ও পদ্ধতি অনুসরণ করা হইবে।
১৭। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে উচ্চতর পদে আবেদনের জন্য বয়সসীমা প্রযোজ্য নহে।
১৮। নিয়োগ বিজ্ঞপ্তিটি অত্র বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে (www.aaub.edu.bd) পাওয়া যাইবে।
১৯। কেবলমাত্র যোগ্য প্রার্থীদের নির্ধারিত তারিখে লিখিত পরীক্ষা (প্রযোজ্য ক্ষেত্রে) গ্রহণ করা হইবে এবং লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীগণ ব্যবহারিক (প্রযোজ্য ক্ষেত্রে) ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণ করিবেন।
২০। কোনো কারণ দর্শানো ব্যতিরেকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ নিয়োগ প্রক্রিয়া স্থগিত/বাতিল/প্রত্যাহার করার ক্ষমতা সংরক্ষণ করে।
২১। নিয়োগের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।
২২। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য সম্বলিত অথবা বিলম্বে প্রাপ্ত আবেদনসমূহ বাতিল বলিয়া গণ্য হইবে। আবেদনপত্রের উপর যেকোনো ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসাবে গণ্য হইবে। আবেদনপত্র গ্রহণ অথবা বাতিল করিবার ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলিয়া গণ্য হইবে।

Sajjad Hossain
06.08.26

**রেজিস্ট্রার**
অ্যাভিয়েশন অ্যান্ড অ্যারোস্পেস বিশ্ববিদ্যালয়, বাংলাদেশ